# আউটসোর্সিং এর মাধ্যমে জনবল সরবরাহের দরপত্র সিডিউল

| | | |
|---|---|---|
| দরপত্র বিক্রয়ের সর্বশেষ তারিখ | : | ০৪ আগস্ট ২০২০ খ্রিঃ পর্যন্ত |
| দরপত্র গ্রহণের সর্বশেষ তারিখ ও সময় | : | ০৫ আগস্ট ২০২০ খ্রিঃ বেলাঃ ১২.০০ ঘটিকা পর্যন্ত |
| দরপত্র খোলার তারিখ ও সময় | : | ০৫ আগস্ট ২০২০ খ্রিঃ, বেলাঃ ০২.০০ ঘটিকা পর্যন্ত |

**হাইড্রোকার্বন ইউনিট**

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা।

# <u>সুচিপত্র</u>


| অধ্যায়ের নাম | বিবরণ | পৃষ্ঠা নং |
|---|---|---|
| অধ্যায়-১ | আউটসোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের নিমিত্তে দরপত্রের সাধারণ শর্তাবলী | ১-২ |
| অধ্যায়-২ | দরপ্রস্তাবকারী প্রতিষ্ঠানের জন্য সাধারণ শর্তাবলী | ৩ |
| অধ্যায়-৩ | দরপ্রস্তাবে অত্যাবশ্যকীয় কাগজ/দলিলপত্রাদি এবং নির্দেশাবলী | ৪-৫ |
| অধ্যায়-৪ | দরদাতার উদ্ধৃত দর (আর্থিক প্রস্তাব) | ৬ |
| অধ্যায়-৫ | দরপত্র মূল্যায়নে নম্বর বন্টন | ৭ |
| অধ্যায়-৬ | দরপত্রদাতার সম্মতিপত্র | ৮ |
| অধ্যায়-৭ | দরদাতার মূল্যায়ন ও কার্যবন্টন | ৯-১০ |
| অধ্যায়-৮ | অন্যন্য শর্তাবলী | ১১-১২ |

## অধ্যায়-১

## আউটসোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের নিমিত্তে দরপত্রের সাধারণ শর্তাবলী

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অধীন হাইড্রোকার্বন ইউনিট এর দৈনন্দিন কাজ পরিচালনার জন্য এয়ারকন্ডিশন অপারেটর/প্রজেক্টর অপারেটর ০১ (এক) জন, সহকারী ইলেকট্রিশিয়ান ০১ (এক) জন, বার্তাবাহক ০১ (এক) জন, নিরাপত্তা প্রহরী ০৪ (চার) জন এবং পরিচ্ছন্নতা কর্মী ০২ (দুই) জন সহ মোট ০৯ জন আউটসোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের নিমিত্তে দরপত্রের সাধারণ শর্তাবলী নিম্নরূপঃ

১.১। দরপত্রে অংশগ্রহণের জন্য আগ্রহী প্রতিষ্ঠানকে নিম্নোক্ত ছক মোতাবেক তাদের স্ব স্ব প্রতিষ্ঠানের প্যাডে সীলগালা অবস্থায় দরপত্র প্রস্তাব মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট, ১৫৩ পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা -১০০০ বরাবরে দাখিল করতে হবে। অসম্পূর্ণ দরপত্র কোন প্রকার বিবেচনা ছাড়াই সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১.২। সরবরাহকৃত জনবল চুক্তিকালীন সময়ে সার্বক্ষণিকভাবে অর্পিত কাজে নিয়োজিত থাকবে। প্রয়োজনে অফিস চলাকালীন সময়ের আগে/পরে এবং সরকারি/সাপ্তাহিক ছুটির দিনেও দায়িত্ব পালন করতে হবে।

১.৩। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে বিধি মোতাবেক হাইড্রোকার্বন ইউনিট এর সংশিষ্ট খাতসমূহে বরাদ্দকৃত অর্থ হতে বিল পরিশোধ করা হবে এবং প্রতিষ্ঠানকে প্রদেয় মাসিক বিল হতে বিধি মোতাবেক সরকার নির্ধারিত আয়কর, ভ্যাট ও অন্যান্য চার্জ (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে।

১.৪। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের জনবল কর্মস্থলে গরহাজির থাকলে অনুপস্থিতকালীন সময়ের জন্য আনুপাতিক হারে বেতন কেটে রাখা হবে।

১.৫। বর্ণিত জনবল চুক্তিকালীন সময়ে কর্তৃপক্ষের নিকট হতে দরপত্রে প্রস্তাবিত বেতন-ভাতা ব্যতীত অন্য কোন রকম সুযোগ-সুবিধা প্রাপ্য হবেন না।

১.৬। সেবা মূল্যের অর্থ নিয়োজিত জনবলের ব্যাংক হিসাবে জমা করতে হবে।

১.৭। নির্বাচিত প্রতিষ্ঠান সরবরাহকৃত জনবলের নিয়োগকারী কর্তৃপক্ষ হবেন।

১.৮। অসুস্থতা বা অসদাচরণের কারণে কোন জনবলকে প্রত্যাহার করার প্রয়োজন দেখা দিলে তার সমান অথবা অধিক যোগ্যতার জনবল দিয়ে প্রত্যাহার করা যাবে। তবে কোন জনবলকে প্রত্যাহারের পূর্বে তার নিয়ন্ত্রণকারী কর্মকর্তার লিখিত অনুমতি নিতে হবে।

১.৯। চুক্তির মেয়াদ প্রাথমিক ভাবে সর্বোচ্চ ১ (এক) বছর। তবে কাজের মান সন্তোষজনক হলে আউটসোর্সিং এর মাধ্যমে জনবল সরবরাহের নীতিমালা ২০১৮ অনুযায়ী ক্রয়কারীর সাথে সেবা সরবরাহকারীর চুক্তি সম্পাদন, চুক্তির মেয়াদ ও নবায়নসীমা, সেবা ক্রয়কারী- সেবা সরবরাহকারীর প্রতিষ্ঠান- সেবা প্রদান কারী সম্পর্ক, সেবা ক্রয়কারী- সেবা প্রদান কারী সম্পর্ক পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ দ্বারা নির্ধারিত হবে ।

১.১০। চূড়ান্তভাবে নির্বাচিত প্রতিষ্ঠানকে হাইড্রোকার্বন ইউনিটের পক্ষ থেকে কার্যাদেশ প্রদান করা হবে এবং নির্বাচিত প্রতিষ্ঠানকে নিজ উদ্যোগে সংগৃহীত ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে জনবল সরবরাহের চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

১.১১। জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে সম্পাদিত চুক্তি কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে বা সংগত কোন কারণ দেখিয়ে ১ (এক) মাসের নোটিশে বাতিল করতে পারবে।

১.১২। নির্বাচিত প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষরের পূর্বে সরবরাহকৃত জনবলের জনপ্রতি ১ (এক) বছরের বেতনের ১০% হারে নিরাপত্তা জামানত পে-অর্ডারের মাধ্যমে মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট বরাবর জমা দিতে হবে।

১.১৩। আউটসোর্সিং পদ্ধতির মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সেবা প্রদানকারীর মাসিক সেবা মুল্য ও প্রণোদনা এবং সেবা সরবরাহকারী প্রতিষ্ঠানের নূন্যতম কমিশন অর্থ বিভাগ কর্তৃক সময় সময় জারিকৃত নির্দেশনা অনুযায়ী নির্ধারিত হবে ।

১.১৪। সরবরাহকৃত কোন জনবলের বিরূদ্ধে কোন প্রকার চুরির অভিযোগ বা অফিসিয়াল গোপনীয় তথ্য প্রকাশের অভিযোগ উঠলে কর্তৃপক্ষ এবং সরবরাহকারী প্রতিষ্ঠানের প্রতিনিধির সমন্বয়ে তদন্ত কমিটি গঠন করা হবে। তদন্ত কমিটি কর্তৃক অভিযোগ প্রমাণিত হলে সরবরাহকৃত জনবলের আইনানুগ দায়সহ সকল দায় সরবরাহকারী প্রতিষ্ঠান বহন করবে।

১.১৫। সরবরাহকৃত জনবলের ছুটির প্রয়োজন হলে কর্তৃপক্ষের বা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হতে ছুটি নিতে হবে।

১.১৬। সকল পদে প্রার্থীদের বয়সসীমা ১৮ হতে ৬০ বছর পর্যন্ত।

১.১৭। দরপত্রে যে সকল বিষয় উল্লেখ নেই সেসব বিষয়ে হাইড্রোকার্বন ইউনিট কর্তৃপক্ষের সিদ্ধান্তেই চূড়ান্ত বলে গণ্য হবে।

১.১৮। জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের ট্রেড সাইসেন্স, ভ্যাট রেজিষ্ট্রেশন এবং আয়কর সনাক্তকরণ নম্বর (TIN) হালনাগাদ থাকতে হবে এবং জনবল সরবরাহের ক্ষেত্রে ন্যূনতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

১.১৯। বিজ্ঞপ্তিতে যে সকল বিষয় উল্লেখ নেই সেই সব বিষয় দরপত্রের সিডিউলে দেওয়া আছে।

১.২০। দরপত্র সংক্রান্ত যেকোন তথ্য অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

১.২১। আউটসোর্সিং এর মাধ্যমে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে পৃথকভাবে কমিশন/সার্ভিস চার্জ অবশ্যই উল্লেখ করতে হবে।

১.২২। কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বিজ্ঞপ্তি বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১.২৩। নির্বাচিত জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদনের সময় পদ সংখ্যা কম/বেশী হতে পারে।

১.২৪। অর্থ মন্ত্রণালয়ের এ সংক্রান্ত বিধিমালা সকল প্রস্তাবকারী প্রতিষ্ঠান কর্তৃক অনুসরণপূর্বক প্রস্তাব দাখিল করতে হবে।

১.২৫। জনবল নির্বাচনের ক্ষেত্রে জ্বালানি সেক্টরের কাজে অভিজ্ঞ ব্যক্তিদের অগ্রাধিকার প্রদান করা হবে।

১.২৬। মূল্যায়নের পর যে প্রতিষ্ঠানের প্রস্তাব যোগ্য বলে বিবেচিত হবে কেবলমাত্র সে প্রতিষ্ঠানের প্রার্থীদের যোগ্যতা ও অভিজ্ঞতা যাচাইয়ের জন্য পরীক্ষায় ডাকা হবে। পরীক্ষার তারিখ ও সময় পরবর্তীতে জানানো হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১.২৭। আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োজিত কোন কর্মচারীর অদক্ষতার কারণে কোন ক্ষতি হলে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে তার দায় বহন করতে হবে।

১.২৮। আউটসোর্সিং এর মাধ্যমে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সঙ্গে সম্পাদিত চুক্তি যে কোন পক্ষ ১ (এক) মাসের নোটিশ দিয়ে বাতিল করতে পারবে।

১.২৯। শর্তাবলীর বাইরের কোন বিষয়ে নিষ্পত্তির জন্য প্রচলিত সরকারি বিধি-বিধান অনুসরণ করা হবে।

১.৩০। আউটসোর্সিং প্রক্রিয়ায় সংগৃহিত সেবা প্রদানকারীর সেবা মুল্য সেবা প্রদানকারীর নিজ নামীয় ব্যাংক হিসাবে সেবা ক্রয়কারী কর্তৃক প্রদেয় হবে।

# অধ্যায়-২

## দরপ্রস্তাবকারী প্রতিষ্ঠানের জন্য সাধারণ শর্তাবলী

দরপত্রটির জন্য নিম্নবর্ণিত সাধারণ শর্তাবলী সকল দরপ্রস্তাবকারী প্রতিষ্ঠানের উপর বাধ্যতামূলকভাবে প্রযোজ্য হবে।

২.১। দরপত্র প্রস্তুতকরণঃ

দরপত্রদাতা তার দরপত্র প্রস্তুতকালে যে খরচ হবে তা তিনি নিজেই বহন করবেন এবং দরপত্রের ফলাফল যাই হোক না কেন, হাইড্রোকার্বন ইউনিটকে খরচের জন্য দায়ী করা যাবে না।

২.২। দরপত্রের সংশোধণী সংক্রান্তঃ

হাইড্রোকার্বন ইউনিটের নিজ প্রয়োজনে অথবা কোন দরপত্র দাতার অনুসন্ধানের জবাবে দরপত্র তফসিলের সংশোধনী জারী করতে পারবে। যে কোন সংশোধনী জারী হলে সকল দরপত্রদাতাকে লিখিতভাবে অবহিত করা হবে এবং সেই সংশোধনী গ্রহণ তাদের উপর বাধ্যতামূলক হবে।

২.৩। দরপত্র দাখিলের শেষ সময় সংক্রান্তঃ

দরপত্র বিজ্ঞপ্তি/তফসিলে উল্লেখিত দরপত্র দাখিলের নির্দিষ্ট সময় দরপত্র দাখিল করেতে হবে।

২.৪। দরপত্র দেরীতে দাখিল সংক্রান্তঃ

দরপত্র বিজ্ঞপ্তি/তফসিলে উল্লেখিত (হাইড্রোকার্বন ইউনিট কর্তৃক পরবর্তীতে সংশোধিত, যদি হয়) দরপত্র দাখিলের নির্দিষ্ট সময় ও তারিখের পরে দরপত্র গহণ করা হবে না।

২.৫। দরপত্র খোলার সময় সংক্রান্তঃ

দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লেখিত (যা পরবর্তীতে লিখিতভাবে বর্ধিত হতে পারে) তারিখ ও সময়ে দাখিলকৃত সকল প্রস্তাবের খাম খোলা হবে।

২.৬। দরপত্র দাখিল সংক্রান্তঃ

ক) দরপত্র প্রস্তবের সাথে অবশ্যই অধ্যায়-৪ যথাযথ ও পূর্ণাঙ্গভাবে পূরণ করে জমা দিতে হবে।

খ) দরপত্র প্রস্তাবে অত্র দরপত্র তফসিলের অধ্যায়-৩ যথাযথভাবে পূরণপূর্বক অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র সহ সীল গালাকৃত খামে জমা দিতে হবে।

গ) খামের উপর দরপত্র প্রস্তাবকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা এবং প্রস্তাবের বিষয় স্পষ্টাক্ষরে উল্লেখ থাকতে হবে।

ঘ) দরপত্র তফসিলের সকল সার্ভিসের জন্য একই প্রতিষ্ঠান এয়ারকন্ডিশন অপারেটর/প্রজেক্টর অপারেটর, বার্তাবাহক, নিরাপত্তা প্রহরী ও পরিচ্ছন্নতা কর্মী সরবরাহের জন্য দরপ্রস্তাব জমা দিতে হবে।

ঙ) দরপ্রস্তাবের দুইটি অংশ থাকবে যথা ''কারিগরী প্রস্তাব'' ও ''আর্থিক প্রস্তাব''। ''কারিগরী প্রস্তাব''-এর মধ্যে অধ্যায়-৪ ব্যতিত দরপত্রের জন্য আবশ্যকীয় সকল কাগজপত্র জমা দিতে হবে। ''আর্থিক প্রস্তাব''-এর মধ্যে অধ্যায়-৪ যথাযথভাবে পূরণ করে জমা দিতে হবে।

## অধ্যায়-৩

## দরপ্রস্তাবে অত্যাবশ্যকীয় কাগজ/দলিলপত্রাদি এবং নির্দেশাবলী

নিম্নবর্ণিত কাগজ/দলিলাদি সঠিকভাবে প্রস্তুত/প্রণয়ন করে দরপত্র বা প্রস্তাব দাখিল করতে হবে। ব্যর্থ হলে দরপত্র বা প্রস্তাব বাতিল বলে গণ্য হবে।

৩.১। আউটসোর্সিং এ জনবল সরবরাহের যোগ্যতার ট্রেড লাইসেন্স দাখিল করতে হবে।

৩.২। ভ্যাট রেজিষ্ট্রেশন সার্টিফিকেট দাখিল করতে হবে।

৩.৩। হালসনের আয়কর পরিশোধ সনদপত্র দাখিল করতে হবে।

৩.৪। দরপত্রের সাথে দরদাতা প্রতিষ্ঠানটির ০২ (দুই) বৎসরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে।

৩.৫। দরপত্র ক্রয়ের মূল রশীদ দাখিল করতে হবে।

৩.৬। দরপত্র জামানত বাবদ মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট এর অনুকূলে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ব্যাংক গ্যারান্টি দাখিল করতে হবে।

৩.৭। ব্যাংক হতে আর্থিক স্বচ্ছলতার সনদপত্র দাখিল করতে হবে।

৩.৮। দরপ্রস্তাব দাতা কোম্পানী যে সকল সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত/বেসরকারি প্রতিষ্ঠানে জনবল সরবরাহ করেছেন সে সব প্রতিষ্ঠান হতে প্রাক অভিজ্ঞতার সনদপত্র দাখিল করবেন।

*****সূচিপত্র থাকতে হবে যাতে উল্লেখ থাকতে হবে ৩.১-৩.৮ কোন কোন পৃষ্ঠায় রয়েছে (মার্কিং ট্যাগ সহ) অন্যথায় ১০ নম্বর কেটে দেয়া হবে।**

## সরবরাহকৃত জনবলের শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতাঃ

| ক্রঃ নং | পদের নাম | সেবার ক্যাটাগরি | পদ সংখ্যা | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ০১। | এয়ারকন্ডিশন অপারেটর/প্রজেক্টর অপারেটর | ক্যাটাগরি-২ | ০১ | সর্বনিম্ন ১৮ বছর সর্বোচ্চ ৬০ বছর | ক) ন্যূনতম এসএসসি (বিজ্ঞান) বা সমমানের পাশ;<br>খ) এয়ারকন্ডিশন অপারেটর/প্রজেক্টর অপারেটর করার জ্ঞান সম্পন্ন হতে হবে। |
| ০২। | সহকারী ইলেকট্রিশিয়ান | ক্যাটাগরি-৪ | ০১ | সর্বনিম্ন ১৮ বছর সর্বোচ্চ ৬০ বছর | ক) ন্যূনতম এসএসসি (বিজ্ঞান) বা সমমানের পাশ;<br>খ) ইলেকট্রিশিয়ান কাজে জ্ঞান সম্পন্ন হতে হবে। |
| ০৩। | বার্তাবাহক | ক্যাটাগরি-৫ | ০১ | সর্বনিম্ন ১৮ বছর সর্বোচ্চ ৬০ বছর | ক) ন্যূনতম এসএসসি বা সমমানের পাশ;<br>খ) বার্তাবাহক পদে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৪। | নিরাপত্তা প্রহরী | ক্যাটাগরি-৫ | ০৪ | সর্বনিম্ন ১৮ বছর সর্বোচ্চ ৬০ বছর | ক) ন্যূনতম অষ্টম শ্রেণী বা সমমানের পাশ;<br>খ) নিরাপত্তা প্রহরী হিসাবে ০৫ বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৫। | পরিচ্ছন্নতা কর্মী | ক্যাটাগরি-৫ | ০২ | সর্বনিম্ন ১৮ বছর সর্বোচ্চ ৬০ বছর | ক) ন্যূনতম অষ্টম শ্রেণী বা সমমানের পাশ;<br>খ) পরিস্কার পরিচ্ছনতার কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |

**বিঃদ্রঃ উপরোক্ত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন জনবলকে মৌখিক পরীক্ষার জন্য প্রথমে প্রেরণ করতে হবে এবং ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহকৃত জনবলের প্রত্যেক প্রার্থীর হাইড্রোকার্বন ইউনিট কর্তৃক মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে এবং মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ যোগ্য ঘোষিত হলে নিয়োগ প্রদানের যোগ্য হবে এবং ঠিকাদার প্রতিষ্ঠান শুধুমাত্র তাদেরকেই নিয়োগ প্রদান করতে পারবে।**

# অধ্যায়-৪

## দরদাতার উদ্ধৃত দর (আর্থিক প্রস্তাব)

| ক্রঃ নং | পদের নাম | সেবার ক্যাটাগরি | পদ সংখ্যা | মাসিক জনপ্রতি সেবামূল্য (সাকুল্যে বেতন) | ভ্যাট@১৫% ও আয়কর@৩% | সার্ভিস চার্জ (*) | মোট দর (এক বৎসরের জন্য) |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১. | এয়ারকন্ডিশন অপারেটর/প্রজেক্টর অপারেটর | ক্যাটাগরি-২ | ০১ | ১৮,৬১০.০০ | ৩৩৫০.০০ | | - |
| ২. | সহকারী ইলেকট্রিশিয়ান | ক্যাটাগরি-৪ | ০১ | ১৭,৯১০.০০ | ৩২২৪.০০ | | - |
| ৩. | বার্তাবাহক | ক্যাটাগরি-৫ | ০১ | ১৭,৬১০.০০ | ৩১৭০.০০ | | - |
| ৪. | নিরাপত্তা প্রহরী | ক্যাটাগরি-৫ | ০৪ | ১৭,৬১০.০০ | ১২৬৮০.০০ | | - |
| ৫. | পরিচ্ছন্নতা কর্মী | ক্যাটাগরি-৫ | ০২ | ১৭,৬১০.০০ | ৬৩৪০.০০ | | - |

*** দরপত্র বা প্রস্তাবদাতা প্রতিষ্ঠানের দরপত্র মূল্যায়নে ৭ নং কলামে প্রস্তাবিত শতকরা সার্ভিস চার্জ প্রতিষ্ঠানের স্ব স্ব ক্ষেত্রে আর্থিক প্রস্তাব হিসাবে গণ্য করা হবে।**

## অধ্যায়-৫

## দরপত্র মূল্যায়নে নম্বর বন্টন

হাইড্রোকার্বন ইউনিটের দরপত্র মূল্যায়নের ক্ষেত্রে মোট ১০০ নম্বরের মধ্যে কারিগরী প্রস্তাবে ৮০ নম্বর এবং আর্থিক প্রস্তাবে ২০ নম্বর থাকবে। মোট ১০০ নম্বরের মধ্যে সর্বোচ্চ পয়েন্ট প্রাপ্ত প্রতিষ্ঠান ১ম সফল দরদাতা হিসেবে বিবেচিত হবেন। নিম্নলিখিত বিষয়সমূহ সঠিকভাবে প্রস্তুত/প্রণয়ন/উপস্থাপন/দাখিল অনুযায়ী বাছাই ও সরেজমিনে তদারকি পূর্বক উক্ত বিষয়সমূহের বিপরীতে নম্বর প্রদান বা নম্বর কর্তন করা হবে এবং এ বিষয়ে হাইড্রোকার্বন ইউনিটের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

**কারিগরি অবস্থানগত মোট নম্বর-৭০**

৫.১। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সরকারী প্রতিষ্ঠানে জনবল সরবরাহের জন্য-১০ নম্বর।

৫.২। অন্যান্য সরকারী প্রতিষ্ঠানে জনবল সরবরাহের জন্য-১০ নম্বর।

৫.৩। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আওতাধীন কর্পোরেশনে জনবল সরবরাহের জন্য- ১০ নম্বর।

৫.৪। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আওতাধীন কোম্পানীতে জনবল সরবরাহের জন্য-১০ নম্বর।

৫.৫। অন্যান্য সরকারী প্রতিষ্ঠানের আওতাধীন কর্পোরেশনে জনবল সরবরাহের জন্য- ১০ নম্বর।

৫.৬। অন্যান্য সরকারী প্রতিষ্ঠানের আওতাধীন কোম্পানী/ কর্তৃপক্ষের জনবল সরবরাহের জন্য-১০ নম্বর।

৫.৭। বেসরকারি প্রতিষ্ঠানে জনবল সরবরাহের জন্য-১০ নম্বর।

**[৫.১-৫.৭ পর্যন্ত প্রতিটি ক্ষেত্রে ১টি করে সর্বোচ্চ সময়ের জন্য জনবল সরবরাহকৃত প্রতিষ্ঠানের অভিজ্ঞতার সনদ/ ডকুমেন্ট দিতে হবে। সবগুলো অভিজ্ঞতা থাকলে সর্বোচ্চ ৭টি অভিজ্ঞতার ডকুমেন্ট জমা দিতে হবে। অভিজ্ঞতার সনদে ৫.১, ৫.২, ৫.৩, ৫.4, ৫.৫, ৫.৬, ৫.৭ কথাগুলো বড় করে লিখে দিতে হবে]।**

**[প্রতিটিক্ষেত্রে সর্বোচ্চ অভিজ্ঞতা দাখিলকারী প্রতিষ্ঠান সর্বোচ্চ নম্বর প্রাপ্ত হবেন এবং অন্যান্য দাখিলকারী প্রতিষ্ঠান আনুপাতিক হারে নম্বর প্রাপ্ত হবেন]।**

**আর্থিক অবস্থানগত নম্বরঃ- ৩০**

৫.৮। সর্বনিম্ন দরদাতা ৩০ পয়েন্ট লাভ করবেন এবং পরবর্তী দরদাতার ক্রম নির্ধারণে উদ্ধৃত দর অনুযায়ী আনুপাতিক হারে পয়েন্ট প্রাপ্ত হবেন।

$$\text{দরদাতার আর্থিক প্রস্তাবে প্রাপ্ত নম্বর} = \frac{\text{সর্বনিম্ন উদ্ধৃত দর}}{\text{দরদাতার উদ্ধৃত দর}} \times ৩০$$

# অধ্যায়-৬

## দরপত্রদাতার সম্মতিপত্র

(সকল দরপত্র দাতাকে এই ফর্মটি অবশ্যই পূরণ করতে হবে; না করলে বা অসসম্পূর্ণ থাকলে দরপত্র বাতিল বলে গণ্য হবে)

## দরপত্রদাতার সম্মতিপত্র

আমি/আমরা উপরোক্ত দরপত্র তফসিলভুক্ত সমস্ত শর্তসমূহ স্বজ্ঞানে পড়ে ও বুঝে নিয়ে এবং বিনা আপত্তিতে মেনে নিয়ে আমার/আমাদের পক্ষ হতে নিম্নে স্বাক্ষর করলাম।

ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং-----------------------------তারিখ------/---------/----------খ্রিঃ, ব্যাংকের নাম ------------------------------------শাখা----------------------টাকার পরিমাণ -------------------/----- (টাকা -----------------------------------------------মাত্র) আর্নেষ্টমানি হিসাবে এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

দরপত্রদাতা প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/প্রতিনিধির স্বাক্ষর

এবং প্রতিষ্ঠানের সীল

নামঃ-------------------------------------------------

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানাঃ-----------------------------

------------------------------------------------------

------------------------------------------------------

ফোনঃ ----------------------------------------------

ফ্যাক্স নং ------------------------------------------

ই-মেইলঃ------------------------------------------

প্রতিষ্ঠানের সীলমোহরঃ

## অধ্যায়-৭

## দরদাতার মূল্যায়ন ও কার্যবন্টন

৭.১। **দরদাতার মূল্যায়ন সংক্রান্তঃ**

৭.১.১ পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ দ্বারা নির্ধারিত হবে ।

৭.১.২ দরপত্র সমূহ পয়েন্ট বন্টন অনুযায়ী মূল্যায়নের ভিত্তিতে সর্বোচ্চ পয়েন্ট প্রাপ্ত প্রতিষ্ঠান ১ম দরদাতা হিবেবে বিবেচিত হবেন এবং Frame work Contract এ সই-স্বাক্ষরের জন্য তার বরাবরে অভিপ্রায় পত্র জারী করা হবে। নির্ধারিত শর্ত সমূহ পালন করে এবং নির্ধারিত সময়ের মধ্যে ১ম সফল দরদাতা জনবল সরবরাহে ব্যর্থ হলে তার দাখিলকৃত নিরাপত্তা জামানত বাজেয়াপ্ত করা হবে এবং ২য় সর্বোচ্চ পয়েন্ট প্রাপ্ত প্রতিষ্ঠানকে তার উদ্ধৃত একক দরে চুক্তি করার জন্য অভিপ্রায় পত্র জারী করা হবে। যদি '২য় সর্বোচ্চ পয়েন্ট প্রাপ্ত প্রতিষ্ঠান' তার উদ্ধৃত দরে কাজ করতে রাজী না হন, তা হলে তার দরপত্র জামানত বাজেয়াপ্ত করা হবে এবং ৩য় দরদাতা বরাবর তার উদ্ধৃত দরে কাজ করার জন্য অভিপ্রায় পত্র জারী করা হবে। যদি ৩য় সর্বোচ্চ পয়েন্ট প্রাপ্ত প্রতিষ্ঠান তার উদ্ধৃত দরে কাজ করতে রাজী না হন, তাহলে তার দরপত্র জামানত বাজেয়াপ্ত করা হবে এবং পুরনায় দরপত্র আহ্বান করা হবে।

৭.২। **মিথ্যা তথ্য বা কাগজপত্র প্রদানে বা তথ্য জালিয়াতি করণে শাস্তি প্রদান সংক্রান্তঃ**

কোন দরদাতা বা প্রস্তাবকারী তার দরপ্রস্তাবের সাথে যদি মিথ্যা বা জালিয়াতিমূলক তথ্য বা কাগজপত্র জমা দেন তাহলে তার দরপত্র বাতিল বলে গন্য হবে এবং যদি পরবর্তী যেকোন সময় মিধ্য বা জালিয়াতিমূলক বলে প্রমাণিত হয়, তবে ঠিকাদারের সাথে চুক্তি বাতিল করা হবে, তার কার্য সম্পাদন /জামানত বাজেয়াপ্ত করা হবে এবং তার বিরুদ্ধে অন্যান্য আইনানুগ কার্যক্রম গ্রহণ করা হবে। এছাড়া উক্ত ঠিকাদার প্রতিষ্ঠান হাইড্রোকার্বন ইউনিটের পরবর্তী যে কোন দরপত্র কার্যক্রমে পরবর্তী ০৫ (পাঁচ) বছরের জন্য অংশগ্রহণ করতে পারবেন না।

৭.৩। **অভিজ্ঞতার সনদপত্রঃ**

দরপত্রদাতা কর্তৃক দরপত্রের সাথে পূর্ব-অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। সনদপত্র ব্যতিত কোন পূর্ব-অভিজ্ঞতা মূল্যায়নকালে বিবেচনায় নেয়া হবে না। সনদপত্রে কার্যাদেশ প্রদানের তারিখ, জনবলের সংখ্যা, সম্পর্কীত তথ্যসমূহ পরিস্কারভাবে উল্লেখ করতে হবে। দাখিলকৃত সনদপত্রগুলির মূল কপি সংশ্লিষ্ট কাজের কার্যাদেশ প্রদানকারী কর্তৃপক্ষের একজন ন্যূনতম নির্বাহী অফিসার বা সমপদমর্যাদার কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত হতে হবে এবং তা যে কোন ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে। সনদপত্রের ভাষায় উক্ত বিয়সমূহ পরিস্কারভাবে বর্ণিত থাকলে এতদবিষয়ে হাইড্রোকার্বন ইউনিট নিজের সিদ্ধান্ত গ্রহণ করবে এবং বিড ডকুমেন্টস মূল্যায়নে কোন নম্বর যোগ হবে না। হাইড্রোকার্বন ইউনিট দপ্তর পরবর্তীকালে যে কোন সময় যে কোন সনদপত্রের মূল কপি দেখতে চাওয়ার অধিকার সংরক্ষণ করে। যদি কোন সময় যে কোন সনদপত্রের উৎস বা প্রতিপাদ্য বিষয় অসত্য বলে চিহ্নিত বা প্রমাণিত হয় তবে হাইড্রোকার্বন ইউনিট সংশ্লিষ্ট দরপ্রস্তাবকারীকে বাতিল বা অযোগ্য বলে বিবেচনা করার অধিকার সংরক্ষণ করে এবং সংশ্লিষ্ট দরদাতা প্রতিষ্ঠানকে কালো তালিকাভুক্ত করা ছাড়াও তার বিরুদ্ধে অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

৭.৪। **<u>দরপত্রসমূহের তুলনামুলক মূল্যায়ন প্রক্রিয়া সংক্রান্তঃ</u>**

৭.৪.১. কারিগরী প্রস্তাব বিবেচনায় --------৭০---------পয়েন্ট এবং আর্থিক প্রস্তাব ----৩০----- পয়েন্ট থাকবে।

৭.৪.২. সকল দরদাতা প্রতিষ্ঠানকে তাদের প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে ক্রমানুযায়ী সাজানো হবে। সবচেয়ে বেশি মোট নম্বর প্রাপ্ত প্রতিষ্ঠান ১ম সফল দরদাতা হিসেবে বিবেচিত হবে। একইভাবে দ্বিতীয় সর্বোচ্চ নম্বর প্রাপ্ত প্রতিষ্ঠান দ্বিতীয় সফল দরদাতা, তৃতীয় সর্বোচ্চ নম্বর প্রাপ্ত প্রতিষ্ঠান তৃতীয় সফল দরদাতা ইত্যাদি বলে বিবেচিত হবে।

৭.৪.৩. দুই বা ততোধিক দরদাতা প্রতিষ্ঠান যদি আর্থিক ও কারিগরী প্রস্তাব মিলিয়ে সমান নম্বর প্রাপ্ত হন সেক্ষেত্রে আর্থিক প্রস্তাব মূল্যায়নে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত দরদাতা প্রতিষ্ঠানকে অগ্রাধিকার দেয়া হবে।

৭.৪.৪. সর্বোচ্চ পয়েন্ট প্রাপ্ত দরদাতা প্রতিষ্ঠান স্বয়ংক্রিয়ভাবে ‘‘সফল দরদাতা’’ হিসাবে গণ্য করা হবে এবং উক্ত দরদাতা কর্তৃক উদ্ধৃত একক দরের ভিত্তিতে প্রতিষ্ঠনটিকে কাজ করার জন্য নির্বাচন করা হবে এবং সংশ্লিষ্ট দরদাতার নিকট হতে লিখিত সম্মতি প্রাপ্তি স্বাপেক্ষে একই দরে ন্যূনতম ১ (এক) বৎসর বা সর্বোচ্চ ২ (দুই) বৎসর সময়ব্যাপি কাজ করার জন্য Framework Contract ভিত্তিতে চুক্তি করা হবে।

৭.৪.৫. ১ম সফল দরদাতা কোন কারণে কাজ করতে অযোগ্য বিবেচিত হলে বা অপারগতা প্রকাশ করলে দ্বিতীয় সফল দরদাতাকে তার উদ্ধৃত দরের ভিত্তিতে কাজ করার জন্য অনুরোধ জানানো হবে। এভাবে সফল দরদাতা নির্বাচিত না হওয়া পর্যন্ত প্রক্রিয়াটি চলমান রাখার এখতিয়ার হাইড্রোকার্বন ইউনিট কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

৭.৫। **<u>দরপত্র সংক্রান্ত ক্ষমতাঃ</u>**

হাইড্রোকার্বন ইউনিট কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিতই দরপত্রের দরপত্রের কিছু অংশ বিলোপ বা সম্পূর্ণ দরপত্র বাতিল করণ বা কাজের স্বার্থে যে কোন সমন্বয় বিবেচনা করার ক্ষমতা সংরক্ষণ করে।

## অধ্যায়-৮

## অন্যান্য শর্তাবলী

**৮.১। কার্য-সম্পাদন জামানত জমা প্রদান সংক্রান্ত।**

সফল সরবরাহকারী প্রতিষ্ঠানকে কার্য-সম্পাদন জামানত হিসাবে ১,০০,০০০/= (এক লক্ষ টাকা মাত্র) জমা দিতে হবে। বাংলাদেশের যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/ব্যাংক গ্যারান্টি আকারে ''হাইড্রোকার্বন ইউনিট' এর অনুকূলে এই নিরাপত্তা জামানত জমা দিতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/ব্যাংক গ্যারান্টির মূল কপি জমা দিতে হবে, ফটোকপি কোনক্রমেই গ্রহণযোগ্য হবে না। হাইড্রোকার্বন ইউনিট প্রয়োজনবোধে উক্ত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/ব্যাংক গ্যারান্টির সত্যতা যাচাইয়ের অধিকার সংরক্ষণ করে। পরবর্তীতে যে কোন সময় উক্ত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/ব্যাংক গ্যারান্টি সঠিক নয় বলে প্রমাণিত হলে কার্যাদেশ বাতিল ও ঠিকাদারের বিরুদ্ধে হাইড্রোকার্বন ইউনিট যে কোন আইনগত ব্যবস্থা গ্রহণের অধিকার সংরক্ষণ করে। জমাকৃত অর্থ সম্পূর্ণরূপে লভ্যাংশমুক্ত হবে। সংশ্লিষ্ট ঠিকাদারের সাথে সম্পাদিত চুক্তির মেয়াদ শেষ হবার পর কিংবা চুক্তির কার্যকারিতা শেষ হবার পর ও তদসময়ে ঠিকাদার বরাবরে হাইড্রোকার্বন ইউনিটের কোনরূপ দাবী/পাওনা না থাকলে এবং ঠিকাদারের লিখিত আবেদন প্রাপ্তি স্বাপেক্ষে ঠিকাদার/ঠিকাদারের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উক্ত জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/ব্যাংক গ্যারান্টি ফেরৎ প্রদান করা হবে।

৮.২। **দরপত্র জামানত ফেরৎ প্রদানঃ**

অসফল দরপত্রদাতা প্রতিষ্ঠানসমূহ ''নির্বাচন তালিকা'' প্রকাশের পর দরপত্র জামানত ফেরৎ পাবেন। সফল দরপত্রদাতার ক্ষেত্রে সংশ্লিষ্ট ঠিকাদারের নিকট হতে ''নিরাপত্তা জামানত'' প্রাপ্তির পর দরপত্র জামানত ফেরৎ দেওয়া হবে। দরপত্র তফসিলে স্বাক্ষরকারী দরপত্রদাতা প্রতিষ্ঠানের কর্মকর্তা কর্তৃক তাদের ছাপানো চিঠির প্যাডে আবেদনের ভিত্তিতে দরপত্র জামানত ঠিকাদারকে অথবা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিকে হাতে হাতে হস্তান্তর করা হবে।

**৮.৩। ঠিকাদার কর্তৃক ঠিকাদারের সরবরাহকৃত জনবলের Monthly Take off Salary প্রদানঃ**

**প্রতি মাসের ১-৫ তারিখের মধ্যে ঠিকাদার নিজ দায়িত্বে ঠিকাদারের সরবরাহকৃত জনবলের ব্যাংক একাউন্টে Monthly Take off Salary প্রদান করবেন। যদি উল্লিখিত সময়ের মধ্যে Monthly Take off Salary প্রদান করতে ব্যর্থ হয় তাহলে ঠিকাদার প্রতিষ্ঠানের সাথে অফিস কর্তৃপক্ষ চুক্তি বাতিল করার ক্ষমতা রাখে।**

৮.৪। **বিল পরিশোধঃ**

ঠিকাদারের নিকট হতে বিল প্রাপ্তি স্বাপেক্ষে সকল ক্ষেত্রেই প্রযোজ্য আয়কর ও ভ্যাট এবং অন্য কোন বৈধ কর্তন যদি থাকে তা কর্তন করে মাসিক ভিত্তিতে এবং প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়ের চেকের মাধ্যমৈ বিল পরিশোধ করা হবে। Frame Work Contract অনুযায়ী ঠিকাদারের উপর অর্পিত দায়িত্ব বা কর্তব্য প্রতিপালনে সম্পূর্ণ বা আংশিকভাবে অক্ষম বা ব্যর্থ প্রমাণিত হলে মাসিক Service Charge হতে ৩০% - ৪০% টাকা কর্তন করা যাবে। এই অনুচ্ছেদের আলোচ্য বিষয়টি ৫নং অনুচ্ছেদের আওতাভুক্ত নয়। এ ব্যাপারে হাইড্রোকার্বন ইউনিটের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

৮.৫। **বিরোধ মিমাংসাঃ**

এই দরপত্র বিষয়ক যাবতীয় বিষয়াবলী জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, হাইড্রোকার্বন ইউনিট এর মহাপরিচালক অথবা তার মনোনীত প্রতিনিধি এবং দরদাতা ঠিকাদারের মধ্যে সীমাবদ্ধ থাকবে এবং দরপত্রদাতা/ঠিকাদারের মধ্যে এই ক্রয় সংক্রান্ত কোন বিবাদ/বিতর্ক উত্থাপিত হলে বিষয়টি হাইড্রোকার্বন ইউনিট অথবা উভয় পক্ষের মনোনীত এক বা একাধিক ''আরবিট্রেটর'' এর মাধ্যমে নিষ্পত্তির পদক্ষেপ গ্রহণ করা যাবে। ''আরবিট্রেটর'' ব্যর্থ হলে হাইড্রোকার্বন ইউনিট বোর্ড গঠন করে বিষয়টি বোর্ডের নিকট প্রেরিত হবে এবং বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

৮.৬। **চুক্তি বাতিল সংক্রান্ত ক্ষমতাঃ**

হাইড্রোকার্বন ইউনিটের কর্তৃপক্ষ যে কোন সময় কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন ঠিকাদারের সাথে চুক্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করে।